

ভ্যালি ডাল (আসাম ভ্যালি)

জাত :- এস-১৯ (সুবলা), ভি-১৬, এ. আর-২৬, আসাম ভ্যালি।

বীজ বোনার সময় :- চৈত্র- কৈশাখ ও ভাদ্র-আশ্বিন মাস ।

বীজের পরিমাণ :- ৩-৪ কেজি প্রতি কানি ।

বীজ শোধন :- হালকা রোদেবীজ ভালো করে শুকিয়ে প্রতি কেজি বীজের সাথে ১ গ্রাম ম্যাকোজেবএবং ১ গ্রাম কার্বেনডাজিম বীজ বোনার ৭-১০ দিন আগে ভালো করে মিশিয়ে নিতে হবে ।

জীবানু সার প্রয়োগ :- রাইজোবিয়াম জীবানু সার ২০০ গ্রাম প্রতি কেজি বীজের সাথে ভাল ভাবে মাখাতে হবে। জীবানু সার প্রয়োগের আধ ঘন্টা পর বীজ বোনার জন্য তৈরী হয়ে যাবে ।

জমি তৈরী :- তিন থেকেচার বার ভাল ভাবে চাষ দিয়ে এবং মই দিয়ে মাটি মোটামুটি মাঝারী বুৰবুৰে তৈরি করুন। আগাছা পরিষ্কার করুন। সেচ ও জল নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা করুন।

কানি প্রতি সারের পরিমাণ এবং সার প্রয়োগের সময় :-

গোবর সার বা খামার পঁচা সার -	৮০০ কেজি,
ইউরিয়া	-৭ কেজি,
সুপার ফসফেট	-৬০ কেজি,
পটাশ	- ১০ কেজি

গোবর সার বা খামার পঁচা সার প্রথম চাষে বাকি সব সার মূল জমি তৈরি করার সময় প্রয়োগ করুন ।

বীজ বপনের দূরত্ব :- সারি থেকেসারি ৪৫ সেমি, এবং বীজ থেকেবীজের দূরত্ব ১৫ সেমিঃ বজায় রাখুন।

অন্তর্বর্তী পরিচর্যা :- বীজ বপনের ২০ থেকে ২৫ দিন পর ভাল করে নিড়ানী দিয়ে আগাছা পরিষ্কার করুন । সারির মধ্যে গাছ থেকে গাছের দূরত্ব ১৫ সেমি, বজায় রেখে অতিরিক্ত চারা তুলে ফেলুন । তস বুঝে জমিতে হালকা জলসেচের ব্যবস্থা করুন ।

সময় কাল :- ৮০-৯০ দিনের ফসল ।

উৎপাদন :- কানি প্রতি উৎপাদন ৮০০-১২০০ কেজি শুটি ।